চুয়াডাঙ্গা জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলনে কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় স্ব স্ব সরকারি দপ্তর তাদের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের বিবরণ তুলে ধরেন এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার কথা বলা হয়। এছাড়াও জনদুর্ভোগ লাঘবে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলার নবাগত পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা কে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা চুয়াডাঙ্গার নবনিযুক্ত পুলিশ সুপার কে আনুষ্ঠানিকভাবে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।

উক্ত সভায় আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজ্জাদ হোসেন, (পুলিশ সুপার পদে পদোন্নতির প্রাপ্ত), অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা আলমডাঙ্গা ও জীবননগর উপজেলার নির্বাহী অফিসার সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগর কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় ইজিবাইক চালককে

চেতনানাশক ওষুধ খাইয়ে ইজিবাইক চুরি

দামুড়হুদায় ইজিবাইক চালককে চেতনানাশক ওষুধ খাইয়ে ইজিবাইক চুরির ঘটনা ঘটেছে। অবচেতন অবস্থায় ইজিবাইক চালক কে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে স্থানীয়রা। ইজিবাইক চালক হৃদয় জীবননগর উপজেলার রায়পুর গ্রামের আঃ রব মুন্সির ছেলে। গতকাল শনিবার দুপুর ১২টার দিকে এই ঘটনা ঘটে।

ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানাগেছে, গতকাল শনিবার সকালে জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া বাজার এলাকা থেকে অজ্ঞাত দুজন ব্যক্তি ইজিবাইক চালক হৃদয়ের ইজিবাইক ভাড়া করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যায়। সেখান থেকে আবার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসে তারা।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইজিবাইকটি রেখে তারা স্বাস্থ্য কমপ্লেক্সের পিছনে গিয়ে ইজিবাইক চালক কে বিস্কুট ও পানির সাথে চেতনানাশক ওষুধ খাইয়ে ইজিবাইকটি চুরি করে নিয়ে যায়। কিছু সময়পর স্থানীয়রা ইজিবাইক চালক কে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। বিকেলে পরিবারের লোকজন খবরপেয়ে তাকে বাড়িতে নিয়ে যায়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবির বলেন, ঘটনাটি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিলো। এঘটনায় এখনো পর্যন্ত কেউ কোনো অভিযোগ করেনি। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ ওসি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দর্শনায় ৬ হাজার পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ২

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৬ হাজার পিচ নেশাজাতদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ দুই জনকে গ্রেফতার করেছে।

জানাযায় আজ শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় পরানপুর গ্রামের কফি হাউজ এন্ড ফাস্টফুড দোকানের সামনে।

এ সময় দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি মটরসাইকেল কে ধাওয়া করে ধাওয়া করে দর্শনা সিএ্যান্ডবিপাড়ার লালু মুন্সির ছেলে পারভেজ (২০) ও দক্ষিণ চাঁদপুর হল্ট ষ্টেশন পাড়ার আব্দুল খালেকের ছেলে সাব্বির ইসলামকে
(১৯) গ্রেফতার করে।

পরে তাদের স্বীকারোক্তিতে মটরসাইকেলে অভিনব কায়দায় লুকানো মটরসাইকেলের সিটের নিচে লুকানো ৬ হাজার পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ তাদেরকে গ্রেফতার করে। ছয় হাজার পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটের বাজার মূল্য ৩ লক্ষ টাকা।

আজ তাদের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

জীবননগর থানা পুলিশের অভিযান গাজাসহ মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গতকাল শুক্রবার বিকালে মনোহরপুর মাঠ থেকে ৩ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী কামাল হোসেনকে আটক করে পুলিশ।

জীবননগর থানা সুত্রে জানা গেছে, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে এসআই জামাল হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে উপজেলার মনোহরপুর গ্রামের শাফায়েত হোসেনের বেগুন ক্ষেতের সামনে পাকা রাস্তার উপর থেকে মাধবখালী গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মাদক ব্যবসায়ী কামাল হোসেন (৩৭)কে ৩ কেজি গাঁজাসহ গ্রেফতার করেন পুলিশ।

গ্রেফতারকৃত কামাল হোসেনের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

চুয়াডাঙ্গা নবাগত পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের যোগদান

চুয়াডাঙ্গা জেলার নবাগত পুলিশ সুপার হিসেবে আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা যোগদান করেছেন। তিনি নরসিংদী সদর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। নবাগত পুলিশ সুপার বাংলাদেশ পুলিশে ২৭তম বিসিএস (পুলিশ) ক্যাডারে গত ২০০৮ সালের নভেম্বর মাসে যোগদান করেন।

তিনি প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত বাংলাদেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এমএসএস (লোকপ্রশাসন), যুক্তরাজ্যে ইউনিভার্সিটি অব সাসেক্স হতে মাইগ্রেশন স্ট্যাডিজ এ মাস্টার্স, রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে এমপিএস ডিগ্রি অর্জন করেন।

নবাগত পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা নবাগত পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর স্থলাভিষিক্ত হলেন। সদ্য বিদায়ী পুলিশ সুপার নৌ পুলিশে পুলিশ সুপার হিসেবে বদলি হয়েছেন। নবাগত পুলিশ সুপার বিকাল সাড়ে চারটার সময় জেলা পুলিশ চুয়াডাঙ্গার চৌকস টিম পুলিশ সুপারের কার্যালয় আনুষ্ঠানিকভাবে সালামী প্রদান করেন। পরবর্তীতে সদ্য বিদায়ী পুলিশ সুপার নবাগত পুলিশ সুপারকে আনুষ্ঠানিকভাবে পুলিশ সুপার চুয়াডাঙ্গার দায়িত্ব হস্তান্তর করেন।

নবাগত পুলিশ সুপার তার চাকুরিকালে পুলিশ হেডকোয়ার্টার্স এবং সর্বশেষ ঢাকা মেট্রোপলিটন পুলিশ(ডিএমপি) তে সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন। কাঙ্ক্ষিত ও জনবান্ধন চুয়াডাঙ্গা গড়তে নবাগত পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা জেলার সকল রাজনৈতিক, সামাজিক সংগঠনসহ সাংবাদিক, সুশীল সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা ও সম্মানিত নাগরিকবৃন্দের সহযোগিতা কামনা করেছেন। ইতোমধ্যেই জেলা পুলিশ, চুয়াডাঙ্গা জেলার সকল সদস্য স্বতঃস্ফূর্তভাবে সদ্য যোগদানকৃত পুলিশ সুপার কে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন।

শুভেচ্ছাক্ষণে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, সকল অফিসার ইনচার্জগণ, ডিআইও-১, আরআই, টিআই সহ জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার-ফোর্সগণ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসরের ১৫১৩ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় ।

১৫১৩ তম এ আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা,শহিদুল ইসলাম,নটরাজ হারুন অর রশিদ, বেঙ্গলী,হোসেন মোহাম্মদ ফারুক, নুরুজ্জামান,কাজল গুরু,আহাদ আলী মোল্লা, এম এ মামুন, কবি নজমুল হেলাল প্রমুখ।ইংরেজি সাহিত্যের উপর বিশদভাবে আলোচনা করেন

চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

চিরায়ত সাহিত্য থেকে অভিনয় করেন শহিদুল রনি।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।

আলমডাঙ্গায় বণিক সমিতির নব নির্বাচিত কমিটির শপথ গ্রহণ

আলমডাঙ্গার বণিক সমিতির নবনির্বাচিত কার্যকারী পরিষদের শপথ গ্রহণ ও অভিষেক অনুষ্ঠিত হয়েছে। এছাড়া সংশ্লিষ্ট বিজয়ীদের দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে বণিক সমিতির কার্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করে সমিতির উপদেষ্টা পরিষদ।

অনুষ্ঠানে বণিক সমিতির সভাপতি আরেফিন মিঞা মিলনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌরসভার মেয়র আলহাজ্ব হাসান কাদির গনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বণিক সমিতির সাবেক সভাপতি হাজী শমসের মল্লিক, সাবেক সভাপতি হাজী রফিকুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম পকু, সাবেক সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম ঘেঁটু, সাবেক সাধারণ সম্পাদক সেকেন্দার আলী, নবনির্বাচিত কমিটির সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, কাপড় ব্যবসায়ী সমিতির সভাপতি আলহাজ্ব গোলাম রহমান সিঞ্জুল।
অনুষ্ঠানে প্রথম পর্বে উপস্থাপনা করেন সাবেক সাধারণ সম্পাদক কামাল হোসেন। এসময় বিদায়ী কার্যকারী কমিটির সদস্যদের সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

দ্বিতীয় পর্বের অনুষ্ঠানে উপস্থাপনা করেন হারদি এমএস জোহা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক একেএম ফারুক। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক সহ-সভাপতি এনামুল হক, মোহাম্মদ আলী, হারদি কলেজের

সহকারী অধ্যাপক রোকনুজ্জামান ডাবলু, সাবেক সহ-সাধারণ সম্পাদক হাজী রফিকুল আলম, শরিফুল ইসলাম, খবির উদ্দিন মার্কেটের মালিক রানা আহমেদ। এপর্বে নবনির্বাচিত কার্যকারী কমিটির শপথ পাঠ করান আলমডাঙ্গা পৌরসভার মেয়র হাসান কাদির গনু। প্রধান অতিথির বক্তব্যে মেয়র হাসান কাদির গনু বলেন,বণিক সমিতির ব্যবসায়ীদের এক সর্ব বৃহৎ সংগঠন। এ সংগঠনের নির্বাচনে যারা বিজয়ী হয়েছেন তাদেরকে ধন্যবাদ জানায়। ধন্যবাদ জানাই যারা বিগত কমিটিতে দায়িত্ব পালন করেছেন তাদেরকেও। আপনারা উভয়ে মিলে মিশে সংগঠনের স্বার্থে কাজ করবেন। আমার একটা পরামর্শ থাকবে,সমিতির সদস্যদের সুখে দুঃখে পাশে থাকবেন।

শপথ গ্রহণ করেন- বণিক সমিতির সভাপতি আরেফিন মিঞা মিলন, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল- মামুন, সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, সহ-সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম, জাহাঙ্গীর আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন মিয়া, সাংগাঠনিক সম্পাদক আমিরুল ইসলাম লিটন, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল, দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন, এছাড়া নির্বাহী সদস্য পদে খন্দকার হামিদুল ইসলাম আজম, আঃ ওহাব কাবলু, জসিম উদ্দিন, জয়নাল আবেদীন, ফারুক হোসেন, রেজাউল হক তোতা, রতন আলী, সাইদুল ইসলাম, খন্দঃ সজিব, সিরাজুল ইসলাম।

দর্শনার পারকৃষ্ণপুরে স্বল্প মুল্যে মাছের খাদ্য তৈরিসহ মাঠ দিবস পালিত

দর্শনা পারকৃষ্ণপুরে স্বল্প ব্যায়ে মাছের খাদ্য তৈরি ও মৎস মাঠ পালিত হয়েছে। ওয়েভ ফাউন্ডশনের সমন্তিত কৃষি ইউনিটভূক্ত মৎস্য খাতের উদ্যোগে দামুড়হুদার পারকষপুর-মদনা ইউনিয়নে এ মাঠ দিবস অনুষ্টিত হয়।

গতকাল বৃহস্পতিবার দুপুর ৩টায় হবা হালদারের সভাপতিত্বে মৎস্য জীবিদের মাছ চাষকে লাভজনক করার লক্ষ্য স্বল্প মুল্য ফিস ফিডর

উদ্যাক্তা তৈরীতে মাঠ দিবস অনুষ্টিত হয়।

মাঠ দিবসে ইউনিয়নের প্রায় ছোটবড় একশত জন মৎসজীবি অংশগ্রহন করেন। মাঠ দিবস বিভিন্ন পর্যায়ের মৎস কর্মকর্তারা কিভাবে মৎসজীবিরা স্পল্প মুল্য ফিসফিড তৈরী করতে পারে তার কলা- কৌশল ও প্রক্রিয়া হাতেকলমে শিখায়ে দেয়। আধুনিক পদ্ধতিতে মাছচাষ করে কিভাবে লাভজনক হওয়া যায় সে বিষয়ে কর্মকর্তারা বিস্তারিত আলোচনা করেন।

আলোচনা শেষে মৎসজীবিদের সামনে একজন উদ্যাক্তা বড় বড় কোম্পানির উচ্চ মৃল্যর ফিস ফিড বাজার থেক না কিনে তার কেনা ছোট মেশিনে কিভাবে তিনি ফিড তৈরী করে মাছ চাষ করছেন তার ডেমী তুলে ধরেন।

মাঠ দিবস অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হানিফ মন্ডল।

এছাড়াও উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডশনের সহকারী পরিচালক কিতাব আলী, সিনিয়র সম্বয়কারী ও দর্শনা প্রেস ক্লাবের সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ ও ওয়েভ ফাউন্ডশনের মৎস্য কর্মকর্তা এবিএম আরমান হুসাইন।

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন আওয়ামীলীগের কর্মী সভা

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টায় হারদী মীর সামছদ্দীন আহম্মেদ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ কর্মি সভার আয়োজন করা হয়।

কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্য এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আওয়ামী লীগ হলো উন্নয়নের সরকার।আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে দেশের উন্নয়ন হয়। দেশের মানুষের কল্যাণে বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা